গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
ব্রাহ্মণপাড়া, কুমিল্লা।

**ব্রাহ্মণপাড়া উপজেলা আইসিটি কমিটির অক্টোবর/২০১৯ খ্রিঃ মাসে অনুষ্ঠিত মাসিক সভার কার্যবিবরণী**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব ফৌজিয়া সিদ্দিকা<br>উপজেলা নির্বাহী অফিসার ও সভাপতি<br>উপজেলা আইসিটি কমিটি, ব্রাহ্মণপাড়া, কুমিল্লা। |
| তারিখ | : | ১০ অক্টোবর, ২০১৯ খ্রিঃ |
| সময় | : | সকাল ১০.০০ ঘটিকা |
| স্থান | : | উপজেলা নির্বাহী অফিসারের অফিস কক্ষ |
| উপস্থিতি | : | পরিশিষ্ট- "ক" দ্রষ্টব্য |

সভাপতি উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে ব্রাহ্মণপাড়া উপজেলা আইসিটি বিষয়ক কমিটির সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি নবগঠিত উপজেলা আইসিটি কমিটির পরিচিতি, লক্ষ্য ও কার্যাবলী এবং উপজেলায় আইসিটির বিস্তার ও উন্নয়ন সম্পর্কে আলোচনা করেন।

সভায় সম্মানিত সদস্যদের সক্রিয় অংশগ্রহণে আলোচনা এবং সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা ও সিদ্ধান্ত/বিবরণ | বাস্তবায়নকারী ব্যক্তি/ কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ০১ | উপজেলা ও ইউনিয়ন পর্যায়ে ওয়েবপোর্টালে তথ্য হালনাগাদ করণ। | উপজেলা ও ইউনিয়ন পর্যায়ের সকল সরকারী প্রতিষ্ঠানের ওয়েবপোর্টালে তথ্য হালনাগাদ করণে করণীয় বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। উপজেলায় অবস্থিত সকল স্কুল কলেজের নিজস্ব ওয়েবপোর্টাল এর প্রয়োজনীয়তার বিষয়েও আলোচনা হয়।<br><br>প্রত্যেক দপ্তরের দপ্তর প্রধান উক্ত দপ্তরের যাবতীয় তথ্য ওয়েবপোর্টালে হালনাগাদ করবে, ইউনিয়ন পর্যায়ে ১০০% ওয়েব সাইট হালনাগাদ ইউনিয়ন ডিজিটাল সেন্টারের উদ্যোক্তাগণ করবে অধিদপ্তর সভায় সিদ্ধান্ত হয় এবং সার্বিক সহযোগীতায় থাকবে সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর। | ১। দপ্তর প্রধান (সকল)।<br>২। সহকারী প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর।<br>৩। উদ্যোক্তা (সকল)। |
| ০২ | ই-নথি কার্যক্রম পরিচালনা সংক্রান্ত। | সরকারের সর্বক্ষেত্রে দাপ্তরিক নথি কার্যক্রম প্রচলিত নথি ব্যবস্থাপনার পরিবর্তে ই-নথি সিস্টেমে স্থানান্তর ও ব্যবহার নিশ্চিতকরণ সরকারের ধারাবাহিক পেপারলেস অফিস ধারণা বাস্তাবায়নের একটি গুরুত্বপূর্ণ অংশ হওয়ায় অনলাইন নথি ব্যবস্থাপনার ধারণা, প্রয়োগ ও বাস্তবায়ন বিষয়ে "সচিবালয় নির্দেশমালা ২০১৪" তে বিস্তারিত নির্দেশনা রয়েছে। তাই উপজেলাস্থ সকল সরকারি দপ্তরে অনলাইন নথি ব্যবস্থাপনা (ই-নথি সিস্টেম) এর ব্যবহার ও অগ্রাধিকার প্রদান বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।<br><br>ই-নথি সিস্টেমের লাইভ সার্ভারে থাকা দপ্তর সমূহের দাপ্তরিক নথি কার্যক্রম অতিসত্বর ই-নথি সিস্টেমে শুরু করা ও অগ্রাধিকার প্রদানে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। ই-নথি কার্যক্রমে সার্বক্ষনিক সহযোগিতা করার জন্য সহকারী | ১। দপ্তর প্রধান (সকল)।<br>২। সহকারী প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর। |

পৃ-

| | | | |
|---|---|---|---|
| | | প্রোগ্রামারকে অনুরোধ জানানো হয় এবং তা সিদ্ধান্ত আকারে গৃহীত হয়। | |
| ০৩ | প্রশিক্ষণ সংক্রান্ত। | জাতীয় তথ্য বাতায়ন ও ই- নথি সংক্রান্ত কার্যক্রম পরিচালনার জন্য সংশ্লিষ্ট দপ্তর প্রধান সহ অন্যান্যদের প্রশিক্ষণের ব্যবস্থা করা একান্ত প্রয়োজন বলে সভায় মনে করা হয়।<br><br>প্রতিষ্ঠানের নিজস্ব অর্থায়নে, বিভিন্ন প্রকল্পের সহযোগীতায়, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের বিশেষ সহযোগীতায় সংশ্লিষ্ট সকলকে প্রশিক্ষণের ব্যবস্থা করার ব্যাপারে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | অর্থায়নে নিজস্ব দপ্তর ও সহযোগী প্রকল্প। বাস্তবায়নে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের সহকারি প্রোগ্রামার। |
| ০৪ | শেখ রাসেল ডিজিটাল ল্যাব সংক্রান্ত। | উপজেলায় ১১ টি শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপিত হয়েছে। সভায় উক্ত ল্যাবগুলোর সার্বক্ষনিক পর্যবেক্ষণ ও পরিচালনা করা ও ব্যবহার বৃদ্ধিতে করণীয় বিষয় সংক্রান্ত আলোচনা হয়।<br><br>তথ্য যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয় থেকে প্রাপ্ত ল্যাব সংক্রান্ত সকল নীতিমালা সরাসরি বাস্তবায়নের জন্য প্রতিষ্ঠান প্রধানদের তাগিদ দেয়া ও প্রতি মাসে ল্যাবগুলোকে সার্বক্ষণিক পরিদর্শন ও পর্যবেক্ষন করার বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান।<br>২। সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর। |
| ০৫ | ইউডিসি উদ্যোক্তাদের আয় ও সেবা প্রদান সংক্রান্ত। | ইউডিসি উদ্যোক্তাদের আয় ও সেবা প্রদান সংক্রান্ত তথ্য আপলোড এর বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।<br><br>উদ্যোক্তাগণকে ইউডিসি আয় ও সেবা প্রদান সংক্রান্ত তথ্য আপলোড এর বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে বলা হয়। | ১। ইউপি চেয়ারম্যান (সকল)।<br>২। উদ্যোক্তা (সকল)। |
| ০৬ | শিক্ষা প্রতিষ্ঠানের কম্পিউটার ল্যাব ও মাল্টিমিডিয়া ক্লাসরুম সংক্রান্ত। | শিক্ষা প্রতিষ্ঠানের কম্পিউটার ল্যাবগুলোর সার্বক্ষনিক পর্যবেক্ষণ ও পরিচালনা করা ও ব্যবহার বৃদ্ধিতে করণীয় বিষয় সংক্রান্ত আলোচনা হয় এবং ল্যাবগুলোকে সার্বক্ষণিক পরিদর্শন ও পর্যবেক্ষন করার বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>মাল্টিমিডিয়া ক্লাসরুমে মাল্টিমিডিয়া মনিটরিং সিস্টেম যাতে ১০০% বাস্তবায়িত হয় তা নিয়মিত মনিটরিং করার সিদ্ধান্ত হয়। | ১। সহকারী প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর।<br>২। মাধ্যমিক শিক্ষা অফিসার। |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(স্বাক্ষরিত) ১৭/০২/২৩

(ফৌজিয়া সিদ্দিকা)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা আইসিটি কমিটি
ব্রাহ্মণপাড়া, কুমিল্লা।
ফোনঃ ০৮০২৮- ৫৬০০১
ইমেইলঃ unobrahmanpara@mopa.gov.bd

স্মারক নং- ৫৬.০৪.১৯১৫.০০০.০৬.০০১.১৯- ০৩ | তারিখঃ ২৫ আশ্বিন ১৪২৬ বাংলা
১০ অক্টোবর ২০১৯ খ্রিস্টাব্দ

অনুলিপিঃ জ্ঞাতার্থে ও কার্যার্থে (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নহে)
১। মাননীয় সংসদ সদস্য, কুমিল্লা- ৫।
২। সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ/মন্ত্রণালয়,আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা।
৩। মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা।
৪। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
৫। জেলা প্রশাসক, কুমিল্লা।
৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ব্রাহ্মণপাড়া, কুমিল্লা।
৭। উপজেলা নির্বাহী অফিসার, ব্রাহ্মণপাড়া, কুমিল্লা।
৮। সহকারী কমিশনার ভূমি, ব্রাহ্মণপাড়া, কুমিল্লা।
৯। অধ্যক্ষ, সরকারি বঙ্গবন্ধু কলেজ, ব্রাহ্মণপাড়া, কুমিল্লা।
১০। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, ব্রাহ্মণপাড়া, কুমিল্লা।
১১। উপজেলা কৃষি অফিসার, ব্রাহ্মণপাড়া, কুমিল্লা।
১২। উপজেলা মৎস্য অফিসার, ব্রাহ্মণপাড়া, কুমিল্লা।
১৩। অফিসার ইন চার্জ, ব্রাহ্মণপাড়া, কুমিল্লা।
১৪। উপজেলা প্রকৌশলী, ব্রাহ্মণপাড়া, কুমিল্লা।
১৫। প্রধান শিক্ষক, ভগবান সরকারি উচ্চ বিদ্যালয়ে, ব্রাহ্মণপাড়া, কুমিল্লা।
১৬। অধ্যক্ষ, মোশাররফ হোসেন খান চৌধুরী ডিগ্রি কলেজ, ব্রাহ্মণপাড়া, কুমিল্লা।
১৭। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ব্রাহ্মণপাড়া, কুমিল্লা।
১৮। উপজেলা শিক্ষা অফিসার, ব্রাহ্মণপাড়া, কুমিল্লা।
১৯। উপজেলা সমাজসেবা অফিসার, ব্রাহ্মণপাড়া, কুমিল্লা।
২০। প্রধান শিক্ষক, সাহেবাবাদ লতিফা ইসমাইল উচ্চ বিদ্যালয়, ব্রাহ্মণপাড়া, কুমিল্লা।
২১। অফিস কপি।

10.10.19

(মোঃ রাকিবুল হাসান)
সহকারী প্রোগ্রামার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
ও
সদস্য সচিব
উপজেলা আইসিটি কমিটি
মোবাইলঃ ০১৭২২০৯৮১১২
ইমেইলঃ rakib966@gmail.com

## পরিশিষ্ট – "ক"

**ব্রাহ্মণপাড়া উপজেলা আইসিটি কমিটির অক্টোবর/২০১৯ খ্রিঃ মাসে অনুষ্ঠিত মাসিক সভায় উপস্থিতির তালিকাঃ**

| ক্রম | নাম ও পদবী | স্বাক্ষর | মন্তব্য |
|---|---|---|---|
| ০১ | উপজেলা নির্বাহী অফিসার ও সভাপতি, উপজেলা আইসিটি কমিটি, ব্রাহ্মণপাড়া, কুমিল্লা। | স্বাক্ষরিত | উপস্থিত |
| ০২ | সহকারী কমিশনার (ভূমি), ব্রাহ্মণপাড়া, কুমিল্লা। | স্বাক্ষরিত | উপস্থিত |
| ০৩ | অধ্যক্ষ, সরকারি বঙ্গবন্ধু কলেজ, ব্রাহ্মণপাড়া, কুমিল্লা। | ----- | অনুপস্থিত |
| ০৪ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, ব্রাহ্মণপাড়া, কুমিল্লা। | স্বাক্ষরিত | উপস্থিত |
| ০৫ | উপজেলা কৃষি অফিসার, ব্রাহ্মণপাড়া, কুমিল্লা। | স্বাক্ষরিত | উপস্থিত |
| ০৬ | উপজেলা মৎস্য অফিসার, ব্রাহ্মণপাড়া, কুমিল্লা। | স্বাক্ষরিত | উপস্থিত |
| ০৭ | অফিসার ইন- চার্জ, ব্রাহ্মণপাড়া থানা, কুমিল্লা। | ----- | অনুপস্থিত |
| ০৮ | উপজেলা প্রকৌশলী, ব্রাহ্মণপাড়া, কুমিল্লা। | স্বাক্ষরিত | উপস্থিত |
| ০৯ | প্রধান শিক্ষক, ভগবান সরকারি উচ্চ বিদ্যালয়ে, ব্রাহ্মণপাড়া, কুমিল্লা। | স্বাক্ষরিত | উপস্থিত |
| ১০ | অধ্যক্ষ, মোশাররফ হোসেন খান চৌধুরী ডিগ্রি কলেজ, ব্রাহ্মণপাড়া, কুমিল্লা। | স্বাক্ষরিত | উপস্থিত |
| ১১ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ব্রাহ্মণপাড়া, কুমিল্লা। | স্বাক্ষরিত | উপস্থিত |
| ১২ | উপজেলা শিক্ষা অফিসার, ব্রাহ্মণপাড়া, কুমিল্লা। | স্বাক্ষরিত | উপস্থিত |
| ১৩ | উপজেলা সমাজসেবা অফিসার, ব্রাহ্মণপাড়া, কুমিল্লা। | স্বাক্ষরিত | উপস্থিত |
| ১৪ | প্রধান শিক্ষক, সাহেবাবাদ লতিফা ইসমাইল উচ্চ বিদ্যালয়, ব্রাহ্মণপাড়া, কুমিল্লা। | স্বাক্ষরিত | উপস্থিত |
| ১৫ | সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, ব্রাহ্মণপাড়া, কুমিল্লা। | স্বাক্ষরিত | উপস্থিত |